**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 13-03-2026** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling: Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ আসন্ন বিধানসভা নির্বাচনে নজরদারি ব্যবস্থাকে আরো সশক্তিশালী করতে, রাজ্যে পর্যবেক্ষকের সংখ্যা বাড়ানো হচ্ছে। #৮০ হাজারের বেশি বুথে থাকবে ওয়েব কাস্টিং-এর ব্যবস্থা।

২/ SIR প্রক্রিয়ার বিচারাধীন ভোটারদের অতিরিক্ত তালিকা প্রকাশ করা নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে গতকাল ফের এক দফা বৈঠক হয়েছে।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজ্যে আসছেন। #১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি।

৪/ রাজ্যের সার্বিক উন্নয়ন, গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখার মতো বিষয় নিয়ে গতকাল নবান্নে জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।
#রাজ্যে জ্বালানি সংকট যাতে না হয়, সেই জন্য খোলা বাজারে আরো বেশী করে নজরদারির নির্দেশ।

৫/ সুপ্রিম কোর্টের নির্দেশমত রাজ্য সরকারি কর্মীদের বকেয়া DA মেটানো সহ বিভিন্ন দাবীতে আজ ধর্মঘটের ডাক দিয়েছে বেশ কয়েকটি কর্মচারী সংগঠন।

**********************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনে নজরদারি ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে রাজ্যে পর্যবেক্ষকের সংখ্যা বাড়ানো হচ্ছে। সাধারণ পর্যবেক্ষক এবং পুলিশ পর্যবেক্ষকের সংখ্যা দু- তিনগুণ পর্যন্ত বাড়তে পারে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। তবে ব্যয় পর্যবেক্ষকের সংখ্যা বৃদ্ধির কোনও প্রস্তাব নেই। ২০২১ সালে রাজ্যের সর্বশেষ নির্বাচনে ১৬২ জন সাধারণ পর্যবেক্ষক ছিলেন। নির্বাচন কমিশনের নির্দেশ মতো এবার রাজ্যের ২৯৪ টি বিধানসভার প্রত্যেকটির জন্যই আলাদা আলাদা পর্যবেক্ষক নিয়োগ করার প্রস্তুতি চলেছে। নজরদারি বাড়াতে এবার ওয়েবকাস্টিং ব্যবস্থাকেও ঢেলে সাজাচ্ছে কমিশন। রাজ্যের ৮০ হাজারের বেশি বুথের প্রত্যেকটিতেই, এবার থাকবে ওয়েব কাস্টিং বা বুথের ছবির সরাসরি সম্প্রচার। রাজ্যের মুখ্যনির্বাচনী আধিকারিকের দফতরে বসেই দেখতে পারবেন কমিশনের আধিকারিকরা। বুথের ভিতরের পাশাপাশি বাইরের ছবিও সম্প্রচার করা হবে। কালিয়াগঞ্জের উপনির্বাচনে পরীক্ষামূলক ভাবে এই ব্যবস্থা চালু করা হয়েছিল। বিধানসভা ভোটে সব বুথেই এই ব্যবস্থা থাকবে। পাশাপাশি ভ্রাম্যমান গাড়িতে ৩৬০ ডিগ্রি ঘুরতে পারে এমন ক্যামেরার মাধ্যমে ভোট প্রক্রিয়ার উপর সরাসরি নজরদারি চালানো হবে।

***************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে সবকটি অর্থাৎ ২৯৪ টি বিধানসভা কেন্দ্রের জন্যই রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। এই বিধানসভা আসনগুলির জন্য ন্যূনতম মহকুমা শাসক পর্যায়ের প্রশাসনিক আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার তাঁর সাম্প্রতিক রাজ্য সফরে দ্রুত রিটার্নিং অফিসারদের নিয়োগ প্রক্রিয়া সেরে ফেলতে রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তীকে নির্দেশ দেন। ন্যূনতম মহকুমা শাসক পদমর্যাদার আধিকারিকদের নিয়োগ করতে বলা হয়।

***************************

রাজ্যের SIR নিয়ে গতকাল কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে ফের একদফা বৈঠক বসে। বৈঠকের পর নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন, মূলত SIR-এর যে অতিরিক্ত তালিকা প্রকাশ করা হবে তা নিয়েই আলোচনা হয়েছে। এই তালিকা প্রকাশের জন্য সফটওয়্যারের কি ধরনের পরিবর্তন প্রয়োজন সেসব নিয়েও কথাবার্তা হয়। যাদের নাম বাদ যাচ্ছে তাদের আপিল শোনার জন্য সুপ্রিমকোর্ট যে বিচারপতিদের নিয়ে ট্রাইব্যুনাল গঠনের নির্দেশ দিয়েছে সে ব্যাপারে এখনো কোন আলোচনা হয়নি বলে জানিয়েছেন বিশেষ পর্যবেক্ষক । তবে এই বিষয়ে প্রধান বিচারপতিই সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে জানিয়েছেন সুব্রতবাবু।

***************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য দলের প্রার্থী তালিকা চূড়ান্ত করতে, গতকাল প্রধানমন্ত্রীর বাসভবনে বৈঠকে বসে বিজেপির কেন্দ্রীয় নির্বাচন কমিটি। বেশ কিছু আসনে প্রার্থীদের নাম চূড়ান্ত করা হয়েছে বলে সূত্রের খবর। গতকালের বৈঠকে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, প্রাক্তন সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্, রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী উপস্থিত ছিলেন। কেরলের প্রার্থী তালিকা নিয়ে'ও আলোচনা হয়েছে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি **আগামীকাল (শনিবার) ১৪'ই মার্চ** রাজ্যে আসছেন। সফরকালে তিনি কলকাতায় ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে আছে ১৬ হাজার ৯৯০ কোটি টাকা মূল্যের ৪২০ কিলোমিটারের'ও বেশী দৈর্ঘের বেশ কয়েকটি জাতীয় সড়ক প্রকল্প। শ্রীমোদী, জাহাজ ও বন্দর সংক্রান্ত কয়েকটি প্রকল্পের'ও উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী পুরুলিয়া-আনন্দবিহার এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরুর সঙ্কেত দেবেন, 'অমৃত ভারত স্টেশন প্রকল্পে'র আওতায় পুনর্গঠিত ছ'টি স্টেশনের'ও উদ্বোধন করবেন তিনি। পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ

তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী।

সরকারি সূত্রে জানা গেছে, আগামীকাল প্রধানমন্ত্রী দুপুরে অসমের শিলচর থেকে কলকাতায় পৌঁছনোর পর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রশাসনিক সভার পাশাপাশি বিজেপির পরিবর্তন যাত্রার সমাপ্তি উপলক্ষ্যে এক জনসভায় অংশ নেবেন।

এদিকে, ব্রিগেডে প্রধানমন্ত্রীর প্রশাসনিক জনসভায় উপস্থিত থাকার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে আমন্ত্রণ জানানো হয়েছে। কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি তাঁকে আমন্ত্রণ জানিয়ে চিঠি দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

****************************

লোকসভা নির্বাচনে ডায়মন্ডহারবার কেন্দ্রে অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে বিপুল কারচুপি করে জেতার অভিযোগ তুলে ঐ কেন্দ্রের বিজেপি প্রার্থী অভিজিৎ দাস (ববির) দায়ের করা ইলেকশন পিটিশন মামলার শুনানি এগিয়ে এনেছেন বিচারপতি সুগত মজুমদার। মামলার নথি তাদের দেওয়া হয়নি বলে জানিয়েছিলেন অভিষেক ব্যানার্জীর আইনজীবীরা। কিন্তু অভিজিৎ দাসের আইনজীবী বিল্বদল ভট্টাচার্য আদালতে স্পষ্ট তথ্য ও নথি দেখিয়ে প্রমাণ করেন যে, যথাযথভাবে তা অপর পক্ষের কাছে পৌঁছে দেওয়া হয়েছে এবং সংশ্লিষ্ট পক্ষ সেই নথি গ্রহণও করেছে।

প্রথমে মামলার শুনানি ২৩ এপ্রিল নির্ধারণ করা হলেও পরে তা এগিয়ে এনে ১৭ মার্চ করা হয়েছে।

****************************

রাজ্যের সার্বিক উন্নয়ন, আসন্ন বিধানসভা নির্বাচন এবং গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখার মতো বিষয় নিয়ে গতকাল নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে বৈঠক হয়েছে। সবকটি জেলার জেলাশাসক, আধিকারিকরা ভার্চুয়াল এই বৈঠকে যোগ দেন। যুবসাথী সহ বেশ কয়েকটি সরকারি প্রকল্পে যোগ্য আবেদনকারীদের পরিষেবা দ্রুত পৌঁছে দেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। আদর্শ আচরণবিধি বলবত হওয়ার আগে নতুন প্রকল্পের কাজ শুরু করে দেবার জন্য জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে

বলে সূত্রের খবর। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার উপরেও জোর দেওয়া হয়েছে।

***************************

পশ্চিম এশিয়ায় সংঘর্ষের জেরে এরাজ্যে যাতে জ্বালানি সংকট না হয়, সেজন্য রাজ্য সরকার, খোলা বাজারে আরও নজরদারির উপরে জোর দিচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে গতকাল নবান্নে এসংক্রান্ত এক ভার্চুয়াল বৈঠকে প্রতিটি জেলায় একজন করে নোডাল আধিকারিক নিয়োগের নির্দেশ দেওয়া হয়। কালোবাজারির চেষ্টা, অবৈধ মজুত সহ সব কিছুর উপরে নজরদারির জন্যে সরকার ২৪ ঘন্টার একটি কন্ট্রোল রুম চালু করেছে। এর নম্বর হল- ১০৭০ এবং ০৩৩ ২২১৪-৩৫২৬।

এই কন্ট্রোল রুম থেকে রাজ্যে LPG সরবরাহ মজুতের পরিমাণের ওপর নজরদারির পাশাপাশি জেলা প্রশাসন, গ্যাস ডিস্ট্রিবিউটার ও তেল বিপননকারী সংস্থাগুলির সঙ্গে সমন্বয় রাখা হবে। গ্যাস, কেরোসিন, পেট্রোল, ডিজেল, CNG সরবরাহের উপর নিয়মিত নজরদারির জন্য ৬' জন সচিব ও IPS আধিকারিককে নিয়ে কমিটি তৈরি করা হয়েছে। তার নেতৃত্বে থাকবেন মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী। তেল বিপননকারী সংস্থাগুলিকে রাজ্যের শহরতলী ও গ্রামীন এলাকায় গার্হস্থ, গ্রাহক, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি হোমে গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখা সুনিশ্চিত করতে বলা হয়েছে। গ্যাস নিয়ে সাধারণ মানুষের কোন অভিযোগ থাকলে তা জানানোর জন্যে দুটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। যার নম্বর ০৩৩-৪৯৫০-৬১০১ এবং ৩৫০২-৬২১৪।

***************************

এদিকে, তৃণমূল কংগ্রেস গ্যাসের জোগান নিয়ে রাজ্যের মানুষকে আতঙ্কিত করতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে।

দলের সাংসদ ডক্টর সুকান্ত মজুমদার সংসদ ভবন চত্বরে গতকাল সাংবাদিকদের বলেন, শাসক দল রাজ্যে ভুয়ো সংকট তৈরী করে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস পরিকল্পনামাফিক রাজ্যে গ্যাসের কৃত্রিম অভাব তৈরী করছে।

( বাইট- শমীক/ গ্যাস )

***************************

যুদ্ধের আবহে গুজবের জেরে রাজ্যের বিভিন্ন প্রান্তে মানুষের মধ্যে গ্যাস মজুত এর প্রবণতা বাড়ছে। গ্যাস বিতরনকারী সংস্থার কর্মীরা মানুষকে আতঙ্কিত হয়ে গ্যাস বুক না করার আবেদন জানাচ্ছেন। এক গ্যাস বিতরক সংস্থার কর্নধার ইন্দ্রনীল সরকার জানিয়েছেন যথেষ্ট পরিমাণ গ্যাস মজুত রয়েছে। গ্রাহকদের চিন্তার কোন কারণ নেই।

( বাইট- ইন্দ্রনীল সরকার )

***************************

সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী অবিলম্বে রাজ্য সরকারি কর্মীদের বকেয়া DA প্রদান সহ বিভিন্ন দাবীতে সংগ্রামী যৌথ মঞ্চ, যৌথ মঞ্চ এবং সরকারি কর্মচারী পরিষদ আজ ধর্মঘটের ডাক দিয়েছে। বকেয়া DA প্রদানে শিক্ষক , শিক্ষিকা, পঞ্চায়েত ও পৌরকর্মচারীদের বাদ দেওয়ার জন্য রাজ্য সরকারের সুপ্রিম কোর্টে আবেদন দাখিলের প্রতিবাদে, তাদেরও এই ধর্মঘটে সামিল করা হয়েছে।

সংগ্রামী যৌথ মঞ্চের সাধারণ সম্পাদক ভাস্কর ঘোষ বলেন, এই ধর্মঘট জীবিকার লড়াই।

( বাইট- ভাস্কর ঘোষ )

এদিকে, বিভিন্ন সরকারি কর্মচারী সংগঠনের ডাকা আজকের ধর্মঘটে, বিশেষ কারণ ছাড়া সব সরকারি কর্মচারীদের ছুটি বাতিল করা হয়েছে। নবান্নে গতকাল অর্থ দপ্তর থেকে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কোন কর্মী নির্দিষ্ট কারণ ছাড়া অফিসে অনুপস্থিত থাকলে সার্ভিস বুকে লাল দাগ ছাড়া তার একদিনের বেতন কাটা হবে।

***************************

ঘূর্ণাবর্ত ও বাতাসে জলীয় বাষ্পের কারণে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় আজ বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা। বাকি জেলাগুলিতে আজও হালকা থেকে মাঝারি বৃষ্টি এবং কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে। গতকাল দুই ২৪ পরগনা, মুর্শিদাবাদ, নদীয়া জেলা থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির খবর পাওয়া গেছে। বৃষ্টি হয়েছে জলপাইগুড়ি, শিলিগুড়িতেও।

এদিকে, আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ৩ দশমিক ৬ ডিগ্রি বেশি।

**********************************************************************